# অধ্যক্ষের বার্তা

১৯৪৫ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে ভারতেশ্বরী হোমস্‌ শিক্ষা, সংস্কৃতি এবং পরিবর্তনের এক উজ্জ্বল বাতিঘর হিসেবে দাঁড়িয়ে আছে। অবিচল প্রতিশ্রুতি ও সুস্পষ্ট দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা আমাদের মিশনের পথে দৃঢ়তার সঙ্গে অগ্রসর হয়েছি একটি পরিবেশ গড়ে তুলতে- যেখানে প্রজন্মের পর প্রজন্মের কিশোরী মেয়েরা জ্ঞানে, সৃজনশীলতায় এবং আত্মবিশ্বাসে জ্বলে ওঠে।

আমাদের গৌরবময় ঐতিহ্য কোনো কাকতালীয় বিষয় নয়। এটি এসেছে নিবেদিত শিক্ষকতা, শৃঙ্খলাবদ্ধ মন, একনিষ্ঠ কর্মী এবং অভিভাবকদের অটল সহায়তার ফলস্বরূপ- যাঁরা সবাই এক সাহসী স্বপ্নের পেছনে ঐক্যবদ্ধ; আগামী দিনের নেতৃত্ব ও দূরদর্শীদের লালন করার প্রত্যয়ে।

ভারতেশ্বরী হোমসে আমরা বিশ্বাস করি, একটি জাতির প্রকৃত শক্তি তার মানুষের মধ্যেই নিহিত। আমাদের প্রতিষ্ঠাতা শ্রী আর. পি. সাহা এমন একটি দেশের স্বপ্ন দেখেছিলেন, যেখানে মন থাকে কৌতূহলী, সংস্কৃতি ও সাহিত্য বিকশিত হয়। আর শিক্ষা হয় অগ্রগতির ভিত্তি। তিনি জানতেন, এমন একটি দেশই বিশ্বমঞ্চে মাথা উঁচু করে দাঁড়াতে পারে।

প্রতিদিন আমরা সে স্বপ্নকে বাস্তব করে তুলি। আমরা কেবল পাঠ দিই না -আমরা অনুপ্রাণিত করি আজীবন শেখার ভালোবাসা, সত্যের অন্বেষণ এবং আবিষ্কারের আনন্দে। আমরা মানবিক মূল্যবোধ ও নৈতিক সততার পক্ষে কথা বলি। শারীরিক প্রশিক্ষণের মাধ্যমে আমাদের শিক্ষার্থীদের মাঝে শৃঙ্খলা, সহনশীলতা এবং অটুট স্বাস্থ্য গড়ে তুলি। আমাদের লক্ষ্য স্পষ্ট ও সাহসী। এমন ব্যক্তিত্ব গঠনের দিকে এগিয়ে যাওয়া- যারা হবে দেশপ্রেমিক, সহানুভূতিশীল, নীতিবান, জ্ঞানী, কৌতূহলী এবং হৃদয়, মন ও দেহে বলীয়ান। আমরা তরুণীদের ক্ষমতায়িত করি যেন তারা হয়ে উঠতে পারে তাদের পরিবার, সমাজ ও জাতির শক্তির স্তম্ভ।

সবচেয়ে বড় কথা, আমরা শ্রদ্ধাভরে স্মরণ করি, আমাদের প্রতিষ্ঠাতার চিরন্তন দর্শনকে "মানব সেবা দয়া নয় এ আমাদের সর্বোচ্চ কর্তব্য।"

ভারতেশ্বরী হোমসে এই বিশ্বাস শুধু একটি নীতিবাক্য নয়, এটাই আমাদের জীবনের পথ। আমরা কেবল শিক্ষার্থী গড়ে তুলছি না- আমরা গড়ে তুলছি আশা, সাহস এবং ভবিষ্যৎ।